Share-Net
Bangladesh
The Knowledge Platform on
Sexual and Reproductive Health & Rights

# টার্মস অব রেফারেন্স (ToR)
# শেয়ার-নেট বাংলাদেশ রিসার্চ ও ইনোভেশন গ্র্যান্ট ২০২৫

## এবারের থিম হলো

### তৃণমূল পর্যায়ে যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং অধিকার নিয়ে ব্যবসায়িক উদ্যোগ – জ্ঞানের আলোকে ব্যবসায়িক উদ্যোগের মাধ্যমে সমাজে ইতিবাচক প্রভাব আনা।

## প্রেক্ষাপট (Background) :

২০১৭ সাল থেকে শেয়ার-নেট বাংলাদেশ (SNBD) প্রতি বছর যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (SRHR) বিষয়ক বার্ষিক সম্মেলন **'নলেজ ফেয়ার'** আয়োজন করে আসছে। এটি এখন দেশের সবচেয়ে বড় প্ল্যাটফর্ম, যেখানে এই বিষয়ে জ্ঞান বিনিময়, আলোচনা ও ব্যবস্থাপনা নিয়ে কাজ করা হয়। এখানে গবেষণা, নীতি, বাস্তব প্রয়োগ ও সাধারণ মানুষের অভিজ্ঞতার মধ্যে সংযোগ তৈরি করা হয়।

এবারের থিম **'SRHR Business for the Grassroots'** একটি সময়োপযোগী আহ্বান। বর্তমানে বিশ্বজুড়ে উন্নয়নমূলক কাজের জন্য অর্থায়ন কমছে। এই কঠিন সময়ে আমাদের প্রতিজ্ঞা হওয়া উচিত, এমন ধরণের SRHR প্রকল্প তৈরি করা, যা বাইরের সাহায্যের ওপর নির্ভরশীল না হয়ে, বরং নিজেদের সহায়তার মাধ্যমেই চলতে পারে। সেই সাথে এমন উদ্যোগ নিতে হবে, যা মানুষকে ক্ষমতায়িত করতে সাহায্য করে এবং সমাজ তথা কমিউনিটির মানুষের জন্য দীর্ঘস্থায়ী ইতিবাচক প্রভাব ফেলে।

এই কারণেই, আমাদের পুরোনো **'ইয়ং রিসার্চার ফেলোশিপ গ্রান্ট'**-কে ২০২৫ সালে এটিকে নতুন করে **'রিসার্চ ও ইনোভেশন গ্র্যান্ট'** হিসেবে শুরু করা হয়েছে। এর মূল লক্ষ্য হলো নতুন প্রজন্মের উদ্ভাবকদের উৎসাহিত করা, যেন SRHR-কে কেবল কোনো সামাজিক দায়বদ্ধতা বা সমস্যা হিসেবে বিবেচনা না করে, বরং ইতিবাচক পরিবর্তন আনার জন্য একটি স্মার্ট, টেকসই বিনিয়োগ এবং পরিমাপযোগ্য ফলাফল এনে দেওয়ার সুযোগ হিসেবে দেখবে।

এই বছরের অনুদানটি গতানুগতিক একাডেমিক গবেষণার গণ্ডি পেরিয়ে এবার বিশেষভাবে জোর দিচ্ছে নতুন উদ্যোগ, উদ্ভাবন এবং ব্যবসা তৈরির ওপর। লক্ষ্য হলো-SRHR সম্পর্কিত জ্ঞানকে কাজে লাগিয়ে টেকসই ও ইতিবাচক প্রভাব সৃষ্টি করা। যার মূল ফোকাস থাকবে আইডিয়াগুলোকে একটি কার্যকর ব্যবসায়িক মডেলে রূপান্তর করা, যা প্রমাণ করবে যে SRHR কেবল সামাজিক পরিবর্তনের জন্যই নয়, বরং তৃণমূল পর্যায়ের মানুষের অর্থনৈতিক ক্ষমতায়নেরও একটি শক্তিশালী মাধ্যম হতে পারে।

## এই অনুদানের মূল উদ্দেশ্য (Objectives of the Grant)

- **জ্ঞান ও ব্যবসার সংযোগ:**
  SRHR–সংক্রান্ত গবেষণা ও প্রমাণগুলোকে এমন ব্যবসায়িক মডেল বা সমাধানে রূপ দেওয়া, যা বাস্তব সমস্যার সমাধান করবে এবং বিনিয়োগ বা অর্থায়ন আকর্ষণ করে বিষয়টিকে আরও এগিয়ে নিতে সহায়তা করবে।
- **তরুণ নেতৃত্ব ও উদ্যোক্তাদের ক্ষমতায়ন:**
  শিক্ষার্থী, তরুণ পেশাজীবী, তৃণমূলের কর্মী এবং উদ্ভাবকদের এমন সুযোগ দেওয়া, যাতে তারা SRHR–ভিত্তিক নতুন ব্যবসায়িক ধারণা, মডেল বা প্রোটোটাইপ তৈরি ও পরীক্ষা করতে পারে।

- **অ্যাকশন–রিসার্চ ও উদ্ভাবনকে উৎসাহ:**
  তৃণমূল পর্যায়ে SRHR–কেন্দ্রিক ব্যবসাগুলো কীভাবে সামাজিক ও অর্থনৈতিকভাবে বাস্তব উপকার দিতে পারে, তা দেখানোর জন্য অ্যাকশন–রিসার্চ ও পাইলট প্রোজেক্টে সহায়তা করা।
- **নীতি ও বাস্তব প্রয়োগে প্রভাব সৃষ্টি:**
  SRHR–সম্পর্কিত এমন প্রমাণ ও উদ্ভাবন তৈরি করা, যা নীতি, অর্থায়ন এবং কমিউনিটি–পর্যায়ের বাস্তব কাজে প্রভাব ফেলতে পারে।
- **টেকসই SRHR সমাধান প্রচার:**
  এমন কমিউনিটি–ভিত্তিক সামাজিক উদ্যোগকে উৎসাহিত করা, যা অর্থনৈতিকভাবে কার্যকর এবং অনুদানের ওপর নির্ভর না করেও তৃণমূল পর্যায়ে SRHR–এর কাজকে টিকিয়ে রাখতে পারে।

## বিষয়ভিত্তিক ক্ষেত্রগুলো (Thematic Focus Areas):

আবেদনকারীরা নিচের ব্যবসায়িক ও উদ্ভাবনী থিমগুলোর ওপর আলোকপাত করতে পারেন (তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয়):

**১. SRHR-এ সামাজিক ও কমিউনিটি উদ্যোক্তা:**

স্থানীয় কমিউনিটি ও যুবদের ক্ষমতায়ন করা, যাতে তারা ছোট আকারের, কমিউনিটি-মালিকানাধীন উদ্যোগ তৈরি করে SRHR-এর চাহিদা পূরণ করতে পারে।

উদাহরণ: গ্রামীণ নারীদের সমবায়ের মাধ্যমে সাশ্রয়ী মূল্যের মাসিক বা মাতৃস্বাস্থ্য পণ্য উৎপাদন ও বিতরণ, যুবদের পরিচালিত মাইক্রো-উদ্যোগ যা স্থানীয় ইভেন্ট, পিয়ার সেশন বা ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে SRHR সচেতনতা ও কাউন্সেলিং দেয়; আবার ফার্মেসি, সেলুন বা স্কুলে কিশোর-বান্ধব স্বাস্থ্য কর্নার চালানো কমিউনিটি-ভিত্তিক ফ্র্যাঞ্চাইজ।

**২. অন্তর্ভুক্তিমূলক SRHR ব্যবসায়িক মডেল:**

এমন ব্যবসা শুরু করা, যা প্রজনন স্বাস্থ্য ও অধিকার নিয়ে কাজ করবে এবং সবার জন্য সমান সুযোগ ও সেবা নিশ্চিত করবে।

উদাহরণ: লিঙ্গ-বৈচিত্র্য বা প্রতিবন্ধী-বান্ধব ব্যবসার মাধ্যমে SRHR কিয়স্ক বা ডিজিটাল হাব চালানো, প্রান্তিক কারিগরদের SRHR-কেন্দ্রিক ভ্যালু চেইনের সঙ্গে যুক্ত করা, অ্যাক্সেসযোগ্য ও পরিবেশ-বান্ধব SRHR পণ্যের নকশা তৈরি করা।

**৩. ডিজিটাল ও প্রযুক্তি-চালিত SRHR সমাধান:**

প্রযুক্তিকে কাজে লাগিয়ে এমন SRHR ব্যবসা গড়ে তোলা, যা বড় পরিসরে চালানো যাবে এবং দীর্ঘস্থায়ী হবে।

উদাহরণ: এআই বা চ্যাটবট-ভিত্তিক SRHR কাউন্সেলিং, স্থানীয় নারী উদ্যোক্তাদের দ্বারা SRHR পণ্যের ই-কমার্স বা মোবাইল মার্কেটপ্লেস চালানো, যুবদের জন্য গেম-ভিত্তিক SRHR শেখার অ্যাপ, প্রশিক্ষিত কমিউনিটি যুবকদের টেলি-কাউন্সেলিং কিয়স্ক, বা স্মার্ট ভেন্ডিং/IoT-ভিত্তিক পণ্য অ্যাক্সেস সিস্টেম।

**৪. পুনঃব্যবহারযোগ্য ও পরিবেশবান্ধব SRHR সমাধান:**

পরিবেশ-বান্ধব ও টেকসই SRHR ব্যবসায়িক উদ্ভাবনকে উৎসাহিত করা।

উদাহরণ: বায়োডিগ্রেডেবল মাসিক বা স্বাস্থ্যবিধি পণ্য উৎপাদন, বর্জ্য পুনর্ব্যবহারকে কমিউনিটি-পর্যায়ের বর্জ্য ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত করা, SRHR সচেতনতাকে পরিবেশ সচেতন নেতৃত্বের সঙ্গে মিলিয়ে ইকো-মার্কেটিং করা।

**৫. জ্ঞানকে ব্যবসায়িক উদ্যোগে রূপান্তর:**

SRHR গবেষণা ও প্রমাণকে কার্যকর ব্যবসায়িক সেবা, পণ্য বা প্রশিক্ষণ মডিউলে রূপ দেওয়া।

উদাহরণ: বিশ্ববিদ্যালয় বা এনজিও স্বীকৃত SRHR টুলকিট বা অনলাইন কোর্স তৈরি, গবেষণার ফলাফলকে বাজার-উপযোগী সামাজিক পণ্যে রূপান্তর, প্রমাণিত SRHR উদ্যোগের জন্য সামাজিক ফ্র্যাঞ্চাইজ মডেল তৈরি।

**৬. যুবদের দ্বারা চালিত SRHR ইনোভেশন হাব:**

যুবদের নেতৃত্বে SRHR ব্যবসায়িক ধারণাগুলো ইনকিউবেট, পরীক্ষা এবং স্কেল-আপ করা।

উদাহরণ: যুব উদ্যোক্তাদের জন্য মেন্টরশিপসহ ইনোভেশন ল্যাব, SRHR প্রোটোটাইপ তৈরির জন্য কমিউনিটি মেকার স্পেস, কিশোর ক্লাবের মাধ্যমে বাজার-উপযোগী SRHR যোগাযোগ পণ্য তৈরি করা।

শেয়ার-নেট বাংলাদেশ বিশেষ করে তৃণমূল থেকে উঠে আসা ধারণাগুলোকে উৎসাহিত করে—কারণ এগুলো বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে গড়ে ওঠে এবং স্থানীয়ভাবে সমস্যার সমাধান দেয়। আবেদনকারীদের উৎসাহিত করা হচ্ছে এমন নতুন, ব্যবহারিক, স্কেলযোগ্য ও পরিস্থিতি-উপযোগী আইডিয়া বা মডেল প্রস্তাব করতে, যা কমিউনিটির চাহিদা পূরণ করবে এবং SRHR ফলাফলকে আরও শক্তিশালী করবে।

## যোগ্যতার মানদণ্ড (Eligibility Criteria):

- আবেদনকারীকে অবশ্যই ১৮-৩৫ বছর বয়সী (৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত) বাংলাদেশি নাগরিক হতে হবে।
- যোগ্য আবেদনকারীরা হলেন:
  - বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী (৩য়/৪র্থ বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট, মাস্টার্স, পিএইচডি),
  - তরুণ পেশাজীবী,
  - তৃণমূলের উদ্ভাবক, উদ্যোক্তা, এবং SRHR ব্যবসায়িক সমাধান নিয়ে কাজ করা স্টার্ট-আপ।
  - আবেদনপত্র এককভাবে বা দলগতভাবে (সর্বোচ্চ ৩-৪ জন সদস্য) জমা দেওয়া যেতে পারে।
- আবেদনকারীদের অবশ্যই শেয়ার-নেট বাংলাদেশের নিবন্ধিত সদস্য হতে হবে (নিবন্ধন করুন)।

## অনুদান ও সময়কাল (Grant and Duration):

- মোট অনুদানের পরিমাণ: ২,০০,০০০/- টাকা (ভ্যাট ও কর সহ)
- অনুদান সংখ্যা: ২-৩টি
- সময়কাল: ডিসেম্বর ২০২৫ - জুন ২০২৬

## অর্থ ছাড়ের ধাপসমূহ (Disbursement Schedule):

- চুক্তি স্বাক্ষরের পর ৩০%,

- ○ মধ্যবর্তী অগ্রগতি প্রতিবেদন/প্রোটোটাইপ জমা দেওয়ার পরে ৪০%, এবং
- ○ চূড়ান্ত কাজ বা প্রতিবেদন জমা দেওয়ার পর অবশিষ্ট ৩০ শতাংশ অর্থ প্রদান করা হবে।

## প্রস্তাবনা জমা দেওয়ার প্রক্রিয়ায় যা যা উল্লেখ করবেন (Proposal Requirements):

প্রতিটি আবেদনে নিম্নলিখিত বিষয়গুলো অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- শিরোনাম ও প্রস্তাবনার সারসংক্ষেপ (এক্সিকিউটিভ সামারি)
- প্রেক্ষাপট, সমস্যার বিবৃতি ও যৌক্তিকতা (প্রেক্ষাপট ও প্রয়োজন)
- ব্যবসা/উদ্ভাবন পরিকল্পনা ও মডেলের বিবরণ (প্রত্যাশিত সুবিধাভোগী সহ)
- প্রত্যাশিত সামাজিক, আচরণগত ও অর্থনৈতিক প্রভাব
- বাস্তবায়ন পরিকল্পনা, সময়রেখা ও মূল মাইলফলক
- বিস্তারিত বাজেট হিসাব এবং খরচের সপক্ষে যৌক্তিকতা বা কারণ
- অনুপ্রেরণা/উদ্দেশ্য (কেন এই ধারণাটি আবেদনকারী/আপনারদলের জন্য গুরুত্বপূর্ণ)
- প্রচার, স্কেলযোগ্যতা ও টেকসই করার বিস্তারিত পরিকল্পনা
- ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন কৌশল
- পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি (সাফল্য কীভাবে পরিমাপ করা হবে, তা অন্তর্ভুক্ত থাকতে পারে)

## প্রস্তাবনার বিন্যাস ও পিচ ডেক (ভিজ্যুয়াল প্রেজেন্টেশন) নির্দেশিকা (Proposal Format & Pitch Deck Guidelines):

জমা দেওয়ার ক্ষেত্রে ধারাবাহিকতা, স্বচ্ছতা এবং সৃজনশীলতা নিশ্চিত করার জন্য, আবেদনকারীদের নীচে বর্ণিত ফর্ম্যাটগুলি অনুসরণ করতে হবে :

### লিখিত প্রস্তাবনা (Written Proposal):

প্রতিটি আবেদনকারী বা দলকে প্রাথমিক ডকুমেন্ট হিসেবে একটি লিখিত প্রস্তাবনা বা প্রোপজাল জমা দিতে হবে।

- **দৈর্ঘ্য:** সর্বোচ্চ **১০ পৃষ্ঠা** (কভার পেজ, রেফারেন্স সহ, তবে সংযুক্তি ছাড়া)।
- **বিন্যাস:** PDF বা Word ডকুমেন্ট (A4, Calibri 11 pt, 1 স্পেসিং)।
- **কাঠামো:** অবশ্যই 'Proposal Requirements'-এর নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- **উদ্দেশ্য:** SRHR ব্যবসার ধারণাগত স্পষ্টতা, প্রাসঙ্গিকতা, সম্ভাব্যতা ও স্থায়িত্বশীলতাকে প্রদর্শন ও প্রমাণযোগ্য করে উপস্থাপন করা।

### পিচ ডেক (Pitch Deck)/ভিজ্যুয়াল প্রেজেন্টেশন:

প্রাথমিক বাছাইয়ের পর, সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীদেরকে পর্যালোচনা ও সাক্ষাৎকারের সময় একটি পিচ ডেক প্রস্তুত ও উপস্থাপন করতে বলা হবে।

- **দৈর্ঘ্য:** সর্বোচ্চ ৫-১০টি স্লাইড (কভার পেজ, রেফারেন্স সহ, তবে সংযুক্তি ছাড়া)
- **বিন্যাস:** PowerPoint বা PDF

- **উদ্দেশ্য:** মূল ধারণাটি দৃশ্যত উপস্থাপন করা, উদ্ভাবনকে তুলে ধরা এবং প্রস্তাবনাটি কীভাবে একটি কার্যকর ও টেকসই SRHR সামাজিক উদ্যোগে রূপান্তরিত হতে পারে তা দেখানো।

**সাজেশন:**

- পিচ ডেকে প্রকল্পের শিরোনাম, দল পরিচিতি, থিমেটিক বিষয়
- সমস্যা ও সুযোগ বিশ্লেষণ, প্রস্তাবিত সমাধান/উদ্ভাবন,
- ব্যবসায়িক মডেল, সুবিধাভোগী,
- প্রত্যাশিত প্রভাব, টেকসইতা,
- সময়রেখা ও মাইলফলক অন্তর্ভুক্ত করা।
- স্লাইডগুলো স্পষ্ট, দৃশ্যমান ও প্রভাবশালী হওয়া উচিত।

আবেদনকারীদের গল্পটি বলার জন্য সহজ গ্রাফিক্স বা আইকন ব্যবহার করে ডেকটি স্পষ্ট, দৃশ্যমান এবং আকর্ষণীয় করে তুলতে উৎসাহিত করা হচ্ছে।

## যা যা জমা দিতে হবে (Deliverables):

- অগ্রগতি প্রতিবেদন SNBD-এর সচিবালয় ও বৃহত্তর কমিউনিটির কাছে উপস্থাপন
- চূড়ান্ত গবেষণাপত্র বা উদ্ভাবনের ডকুমেন্টেশন
- ব্যবসায়িক মডেল ও প্রোটোটাইপের প্রদর্শন
- অনুদান ব্যবহার করে ব্যবসার বাস্তবায়ন প্রদর্শন
- অ্যাডভোকেসির জন্য এক-পৃষ্ঠার SRHR বিজনেস ব্রিফ
- SRHR নলেজ ফেয়ার ২০২৫ ও ২০২৬-এ উপস্থাপন
- SNBD প্ল্যাটফর্মের মাধ্যমে প্রচার

অনুদানপ্রাপ্তদেরকে অনুদানের সময়সীমার মধ্যে (ডিসেম্বর ২০২৫ থেকে জুন ২০২৬) পুরো কাজটি শেষ করতে হবে। আর এই কাজের শুরু, মাঝামাঝি ও শেষে ঠিক কী কী জিনিস জমা দিতে হবে, তার বিস্তারিত তালিকা (যেমন: প্রতিবেদনের ধরণ, সময়সীমা ও গুরুত্বপূর্ণ ধাপ) চুক্তির সময় যৌথভাবে আলোচনা করে চূড়ান্ত করা হবে। যেন কাজগুলো স্পষ্ট, বাস্তবসম্মত হয় এবং উভয়ের দায়বদ্ধতা নিশ্চিত হয়।

## সম্ভাব্য সময়রেখা (Tentative Timeline):

| **কর্মসূচি** | **সময়** |
|---|---|
| আবেদন আহ্বান | ৮ নভেম্বর ২০২৫ |
| আবেদন জমা দেওয়ার শেষ তারিখ | ১৭ নভেম্বর ২০২৫ |
| শর্টলিস্ট/ঘোষণা | ২২ নভেম্বর ২০২৫ |
| উপস্থাপন/ইন্টারভিউ | ২৫-২৬ নভেম্বর ২০২৫ |

| | |
|---|---|
| বিজয়ী ঘোষণা | ২৯ নভেম্বর ২০২৫ |
| ওরিয়েন্টেশন | ১ ডিসেম্বর ২০২৫ |
| প্রেজেন্টেশন প্রস্তুতি | ২-৪ ডিসেম্বর ২০২৫ |
| নলেজ ফেয়ার ও গ্র্যান্ট প্রদান | ৮ ডিসেম্বর ২০২৫ |
| চুক্তি স্বাক্ষর | ডিসেম্বর ২০২৫ |
| বাস্তবায়নকাল | ডিসেম্বর '২৫-জুন '২৬ |
| মধ্যবর্তী অগ্রগতির প্রেজেন্টেশন ও রিপোর্ট প্রদান | মার্চ ২০২৬ |
| চূড়ান্ত প্রেজেন্টেশন, ডকুমেন্টেশন, রিপোর্ট/উপস্থাপন | জুন ২০২৬ |

চুক্তি স্বাক্ষরের পর, অনুদানপ্রাপ্তরা তাদের প্রস্তাবিত SRHR ব্যবসায়িক ধারণাগুলো নিয়ে কাজ শুরু করবেন এবং সেগুলোর বাস্তবায়ন করবেন। এরপর তারা তাদের কাজের অগ্রগতি, ফলাফল ও অভিজ্ঞতা শেয়ার-নেট বাংলাদেশের সচিবালয় এবং বৃহত্তর কমিউনিটির সাথে তুলে ধরবেন। কাজটি যেন সঠিক পথে এবং কার্যকরভাবে চলে, তা নিশ্চিত করতে বাস্তবায়ন, প্রচার ও প্রতিবেদন জমা দেওয়ার একটি বিস্তারিত সময়সূচি যৌথভাবে তৈরি করা হবে।

## আবেদন করতে যা যা প্রয়োজন (Application Requirements):

আবেদনকারীদেরকে নিম্নলিখিত ডকুমেন্টগুলো SNBD ওয়েবসাইট ও ফেসবুক পেজে দেওয়া অফিসিয়াল অনলাইন সাবমিশন ফর্মের (Google Form) মাধ্যমে জমা দিতে হবে:

- অনলাইন ফর্মের মাধ্যমে জমা দিন (SNBD ওয়েবসাইট এবং ফেসবুক পেজের লিঙ্ক)
- সম্পূর্ণ আবেদন ফর্ম (Google Form পূরণ করা বাধ্যতামূলক)।
- সম্পূর্ণ প্রস্তাবনা (Word Document/PDF, সর্বোচ্চ 10 MB)।
- NID/পাসপোর্টের অনুলিপি (PDF/JPG) - দলের প্রতিটি সদস্যের।
- সুপারিশপত্র (একজন সুপারভাইজার, নিয়োগকর্তা, মেন্টর বা কমিউনিটি নেতার কাছ থেকে)।
- প্রচার ও টেকসই পরিকল্পনা - অনুদানের সময়কাল শেষে ফলাফল বা ব্যবসায়িক মডেলগুলো কীভাবে শেয়ার করা ও টেকসই রূপ দেয়া হবে, তার বর্ণনা।
- সংযুক্তি হিসেবে সহায়ক উপকরণ যেমন কনসেপ্ট নোট, ভিজ্যুয়াল, পণ্যের স্কেচ বা পিচ ডেক, যা প্রস্তাবনাকে শক্তিশালী করে।
- আবেদনপত্র ব্যক্তিগতভাবে বা দলগতভাবে (সর্বোচ্চ ৩-৪ সদস্য) জমা দেওয়া যেতে পারে। দলের পক্ষ থেকে মূল আবেদনকারীকে ফর্মটি পূরণ ও জমা দিতে হবে।

**নোট :** অসম্পূর্ণ আবেদন বা নির্দিষ্ট সময়সীমার পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্তদের সাথেই পরবর্তী ধাপের জন্য যোগাযোগ করা হবে।

## নির্বাচনের মানদণ্ড (Selection Criteria):

- প্রস্তাবনাগুলো নিম্নলিখিত বিষয়গুলোর উপর ভিত্তি করে পর্যালোচনা করা হবে:
- 'SRHR Business for the Grassroots' থিমের সাথে কতটা প্রাসঙ্গিক।
- ব্যবসায়িক মডেল কতটা উদ্ভাবনী ও বাস্তবসম্মত।
- সামাজিক ও অর্থনৈতিক প্রভাবের সম্ভাবনা।
- সময়সীমা ও বাজেটের মধ্যে সম্ভাব্যতা।
- স্থায়িত্বশীলতা ও স্কেলযোগ্যতার সম্ভাবনা।
- প্রস্তাবনার স্পষ্টতা ও গুণমান।

## কপিরাইট ও প্রচার (Copyright and Dissemination):

SNBD অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলো প্রকাশ ও প্রচারের অধিকার সংরক্ষণ করে। SNBD-এর প্রচারের আগে অনুদানপ্রাপ্তরা লিখিত সম্মতি ছাড়া বাইরে কোথাও উপস্থাপন, পিচ বা প্রকাশ করতে পারবেন না।

## যোগাযোগ (Queries):

রিফা তামান্না,
প্রজেক্ট ম্যানেজার, শেয়ার-নেট বাংলাদেশ
rifa@redorangecom.com